



কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
Comilla Palli Bidyut Samity-1
চান্দিনা, কুমিল্লা।

নম্বর ২৭.১২.১৯২৭.৫০৩.০১.০৩৮.২০.১৪৩৩

তারিখ ১৩ ফাল্গুন ১৪২৬
২৬ ফেব্রুয়ারি ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে টায়ার সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি।

অত্র পবিসের জন্য পিকআপ গাড়ী নং-কুমিল্লা-৫১-০০৭৬ এর টায়ার সরবরাহের লক্ষ্যে “কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ)” পদ্ধতির মাধ্যমে বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/এজেন্ট/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

স্টেন্ডার প্যাকেজ নং	ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
G.19- 20.03.10	০১	টায়ারঃ সাইজ-২৬৫/৭০-আর-১৬ (আর্মি বিট), জাপানের তৈরী (দর দাখিলের সময় অবশ্যই ব্রান্ড উল্লেখ করতে হবে)।	০৫টি		
	সর্বমোট মূল্য =				

শর্তাবলীঃ

- ০১। আগ্রহী দরপত্র দাতাগণ আগামী ০৪/০৩/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্র কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত স্টেন্ডার বাক্সে দাখিল করা যাবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। প্রাপ্ত দরপত্র সমূহ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় আগামী ০৪/০৩/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। দরপত্রের সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি এবং আর্থিক সচ্ছলতার সমর্থনে ব্যাংকের সনদপত্র এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৪। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “ টায়ার সরবরাহের দরপত্র ” কথাটি লিখতে হবে।
- ০৫। দুই বা ততোধিক প্রতিষ্ঠানের দাখিলকৃত দর সমদর হলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (২০০৮) এর ৯৮ অনুচ্ছেদের ৩১ ও ৩২ ধারা অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।
- ০৬। বর্ণিত মালামালসমূহ নির্ধারিত স্পেসিফিকেশন, নমুনা ও বর্ণনা মোতাবেক সরবরাহ করতে হবে। অন্যথায় মালামাল গ্রহণ করা হবে না।
- ০৭। মালামাল প্রাপ্তির পর মালামালের গুণগত মান যাচাই সাপেক্ষে গ্রহণ করা হবে।
- ০৮। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ হ্রাস/বৃদ্ধি করা যেতে পারে। এই ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৯। কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নিজ খরচে ও নিজ দায়িত্বে বর্ণিত মালামাল সমূহ সরবরাহ করতে হবে।

- ১০। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সমূহ পৌছাতে ব্যর্থ হলে প্রতি দিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- ১১। কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১২। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে।
- ১৩। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।



২৬-২-২০২০

প্রকৌ: মোঃ মোস্তাফিজুর রহমান
জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(পূর্বাঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)
- ২) সিনিয়র সিস্টেম এনালিষ্ট আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)
- ৩) মহা পরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ব্লক-১২(২য় ফ্লোর), শের-ই-বাংলানগর ঢাকা-১২০৭। (সিপিটিইউ এর ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)
- ৪) জেলা প্রশাসক, কুমিল্লা।
- ৫) পুলিশ সুপার, কুমিল্লা।
- ৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
- ৭) মেয়র সিটি কর্পোরেশন, কুমিল্লা।
- ৮) সকল পবিস।
- ৯) নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা (উত্তর), বাপবিবো, কুমিল্লা।
- ১০) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কুমিল্লা।
- ১১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চান্দিনা, কুমিল্লা।
- ১২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেবিদ্বার, কুমিল্লা।
- ১৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুরাদনগর, কুমিল্লা।
- ১৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বরুড়া, কুমিল্লা।
- ১৫) ডিজিএম(কোম্পানীগঞ্জ/দেবিদ্বার/বরুড়া)/সদর-কারিগরী, কুমিল্লা পবিস-১।
- ১৬) এজিএম(ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ-হিসাব), কুমিল্লা পবিস-১।
- ১৭) সহকারী প্রকৌশলী, কুমিল্লা (উঃ), বাপবিবো, চান্দিনা।
- ১৮) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), কুমিল্লা পবিস-১।
- ১৯) মেসার্স -----।
- ২০) নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-১।
- ২১) অফিস কপি/মাস্টার কপি।